



বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৯-০১-২০২১ খ্রি: তারিখ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান জনাব রফিকুল হাসানের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (কক্ষ নং ১১০৩, ১১ তলা, পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট সকল প্রতিনিধিদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য সচিব জনাব সৌমেন পালিত বাবু কে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যাবলীর বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য এপিএ কমিটির সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এপিএ কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহের মধ্যে ১ নং সিদ্ধান্তটি ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে, ২ নং সিদ্ধান্তের বিষয়টি চলমান বিধায় আংশিক বাস্তবায়িত হয়েছে এজন্য এ বিভাগের প্রশিক্ষণ প্রতিবেদন শাখাকে অবশিষ্ট কাজ বাস্তবায়ন করার জন্য তাগিদ দেয়া হয়েছে।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ

সিদ্ধান্তসমূহঃ

- (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ৩ (৩.১.১) এ ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদনের রিপোর্ট দেয়ার জন্য প্রশাসন-১ শাখায় পত্র প্রেরণ করতে হবে।
- (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ৩ (৩.২.১) এ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন সংক্রান্ত রিপোর্ট প্রতি কোয়ার্টার এ প্রেরণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় পত্র প্রেরণ করতে হবে।
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ৩ (৩.৩.১) এ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়ন রিপোর্ট প্রতি কোয়ার্টার এ প্রেরণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় পত্র প্রেরণ করতে হবে।
- (ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং (৩.১ এবং ৩.২) ও (NIS) এর সূচক নং (৩.৩) বিষয়ে পরবর্তী সভায় মানবাধিকার কমিশনের একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণ করতে হবে।
- (ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং (২.৩) ও (NIS) এর সূচক নং (৩.১ এবং ৩.২) বিষয়ে পরবর্তী সভায় আইন কমিশনের একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব

এবং

টিম প্রধান

এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: APA কমিটির সভা।

সভাপতি: যুগ্ম-সচিব (টিম প্রধান), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ১৯ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ, মঙ্গলবার, ১২:০০ ঘটিকা।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা।

ক্রমিক নং	নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ	টেলিফোন নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১।	জনাব এস.এম. শাফায়েত হোসেন উপ-সচিব (ড্রাফটিং) সদস্য/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা	"	৯৫৭০৬৫৫ shafaet@legislative div.gov.bd	
২।	জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন সিস্টেম এনালিস্ট সদস্য	"	৪৭১১৮৩৫৩ system.analyst@l egislative.gov. bd	
৩।	মৌসুমী দাস সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) সদস্য	"	৫৭১৬০৬৫৬ mousumi@legisla tivediv.gov.bd	
৪।	জনাব মোঃ আরিফ রব্বানী খান সহকারী সচিব (লেঃ অঃ) সদস্য	"	০২৪১০৫০৩৫৪ arif.rabbani@legi slativediv.gov.bd	
৫।	জনাব শাহজাহান মিয়া সহকারী সচিব (বাজেট) সদস্য	"	৯৫১৩৪৪৩ shahjahan@legisl ativediv.gov.bd	
৬।	সহকারী সচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা সদস্য সচিব	"	৪১০৫০৩৫৬ sowmen.babu@legi slativediv.gov.bd	